

## GST (General, Science & Technology) গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের

স্নাতক (সম্মান) ১ম বর্ষ সমন্বিত ভর্তি পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ : ২০২০-২০২১



### প্রাথমিক আবেদন :

২০১৭ ও ২০১৮ সালের এসএসসি/সমমান এবং ২০১৯ ও ২০২০ সালের এইচএসসি/সমমান, ডিপ্লোমা-ইন-কমার্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি (ভোকেশনাল), A লেভেল এবং অন্যান্য সমমান পরীক্ষায় [সমমান নির্ধারণ কমিটি কর্তৃক অনুমোদনক্রমে] উত্তীর্ণ শিক্ষার্থীরাই কেবল ভর্তি পরীক্ষার জন্য প্রাথমিক আবেদন করতে পারবে। বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য শাখা হতে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা নির্ধারিত যোগ্যতা সাপেক্ষে যথাক্রমে ইউনিট-A, ইউনিট-B ও ইউনিট-C-এ আবেদন করতে পারবে। ইউনিটভিত্তিক প্রাথমিক আবেদনের যোগ্যতা নিম্নরূপ :

**ইউনিট-A :** বিজ্ঞান শাখা হতে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.৫০সহ সর্বমোট জিপিএ কমপক্ষে ৮.০০ থাকতে হবে। সাধারণ শিক্ষা বোর্ডের বিজ্ঞান শাখাসহ মাদ্রাসা বোর্ড (বিজ্ঞান) এবং ভোকেশনাল (এইচএসসি) বিজ্ঞান শাখা হিসাবে বিবেচিত হবে।

**ইউনিট-B :** মানবিক শাখা হতে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.৫০সহ সর্বমোট জিপিএ ৭.০০ থাকতে হবে। সাধারণ শিক্ষা বোর্ডের মানবিক শাখাসহ মিউজিক, গার্হস্থ্য অর্থনীতি এবং মাদ্রাসা বোর্ড (সাধারণ, মুজাব্বিদ) মানবিক শাখা হিসাবে বিবেচিত হবে।

**ইউনিট-C :** বাণিজ্য শাখা হতে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.৫০সহ সর্বমোট জিপিএ কমপক্ষে ৭.৫০ থাকতে হবে। সাধারণ শিক্ষা বোর্ডের বাণিজ্য শাখাসহ ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিজ, ব্যবসায় ব্যবস্থাপনা (এইচএসসি) এবং ডিপ্লোমা ইন কমার্স বাণিজ্য শাখা হিসাবে বিবেচিত হবে।

জিসিই-এর ক্ষেত্রে আইজিসিএসই (ও লেভেল) পরীক্ষায় কমপক্ষে ৩টি বিষয়ে B গ্রেডসহ ৫টি বিষয়ে পাস এবং আইএএল (এ লেভেল) পরীক্ষায় কমপক্ষে ২টি বিষয়ে B গ্রেডসহ ৩টি বিষয়ে পাস থাকতে হবে। এক্ষেত্রে সরাসরি আবেদনের মাধ্যমে সমমান ও যোগ্যতা নির্ধারণ কমিটি কর্তৃক অনুমোদনক্রমে অনলাইনে প্রাথমিক আবেদন করতে হবে। সমমান নির্ধারণের লক্ষ্যে সরাসরি রেজিস্ট্রার, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা-এ যোগাযোগ করতে হবে।

প্রাথমিক আবেদন করার পদ্ধতি GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইট ([www.gstadmission.ac.bd](http://www.gstadmission.ac.bd))-এ পাওয়া যাবে।

### পরীক্ষার সময়সূচি :

সময়	তারিখ	১৯/০৬/২০২১	২৬/০৬/২০২১	০৩/০৭/২০২১
দুপুর ১২:০০ হতে দুপুর ০১:০০		ইউনিট-A (বিজ্ঞান)	ইউনিট-B (মানবিক)	ইউনিট-C (বাণিজ্য)

### ভর্তি পরীক্ষার সাথে সংশ্লিষ্ট অন্যান্য গুরুত্বপূর্ণ তারিখসমূহ :

প্রাথমিক আবেদন	০১-০৪-২০২১ তারিখ দুপুর ১২:০০ টা হতে ১৫-০৪-২০২১ তারিখ রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত।
প্রাথমিক আবেদনের ফলাফল	এ সংক্রান্ত তথ্য ওয়েবসাইটে পরবর্তী সময়ে জানিয়ে দেওয়া হবে।
চূড়ান্ত আবেদন	এ সংক্রান্ত তথ্য ওয়েবসাইটে পরবর্তী সময়ে জানিয়ে দেওয়া হবে।

### পরীক্ষার ফল :

প্রতিটি ইউনিটের ফলাফল GST গুচ্ছভুক্ত সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইট ([www.gstadmission.ac.bd](http://www.gstadmission.ac.bd))-এ প্রকাশ করা হবে। GST গুচ্ছভুক্ত প্রতিটি বিশ্ববিদ্যালয় আলাদা ভাবে ভর্তি বিজ্ঞপ্তির মাধ্যমে নিজেদের শর্ত উল্লেখসহ দরখাস্ত আহ্বান করবে। শুধুমাত্র GST গুচ্ছভুক্ত সমন্বিত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীরাই যোগ্যতা থাকা সাপেক্ষে নির্ধারিত বিশ্ববিদ্যালয়ে আবেদন করতে পারবে। ইউনিটভিত্তিক মেধাক্রম অনুসারে বিশ্ববিদ্যালয়গুলো নিজ নিজ ব্যবস্থাপনায় ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবে।

ভর্তি পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে “GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি কমিটি (২০২০-২০২১)”-র সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

### GST (General, Science & Technology) গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের নাম :

১. জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা ২. ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া ৩. শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট ৪. খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা ৫. হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর ৬. মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, টাঙ্গাইল ৭. পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী ৮. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী ৯. কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা ১০. জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ ১১. যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর ১২. বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর ১৩. পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা ১৪. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ ১৫. বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল ১৬. রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাঙ্গামাটি ১৭. রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, সিরাজগঞ্জ ১৮. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ, গাজীপুর ১৯. শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোনা ২০. বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, জামালপুর।

প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান

রেজিস্ট্রার, জগন্নাথ বিশ্ববিদ্যালয়

এবং সচিব GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি কমিটি (২০২০-২০২১)